

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।



web: <https://pbs4.comilla.gov.bd> e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০৫২.২৩. ৪৭৯৩

তারিখঃ ২৬ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ
১১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ

“ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠের নিলাম বিজ্ঞপ্তি”


কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর স্টোরে রক্ষিত কনডেম ঘোষিত নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ সমূহ (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী প্রকৃত ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি)	কোটকৃত একক মূল্য (টাকা)	কোটকৃত মোট মূল্য (টাকা)
০১	প্যাকেজিং কাঠ (ব্যবহার অনুপযোগী)	আনুমানিক ৫,০০০ কেজি		
			মোট=	

কথায়ঃ-


শর্তাবলীঃ

- ০১। আগ্রহী নিলাম দরদাতাদের আগামী ০৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ রক্ষিত টেন্ডার বক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম দরপত্র সমূহ আগামী ০৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২:০৫ ঘটিকার সময়ের সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সহিত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে নিলাম দরের ২৫% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসাবে সংযুক্ত করতে হবে।
- ০৪। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হবে। নিলাম দরপত্রের খামের উপর স্পষ্ট করে “ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ নিলাম দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৫। বর্ণিত মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) আগামী ০২/০৯/২০২৩ খ্রিঃ পর্যন্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর স্টোর, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লা পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ০৬। আংশিক দর গ্রহণযোগ্য হবে না। কোটকৃত মোট মূল্যের উপর মূল্যায়ন করা হবে। প্যাকিং কাঠ এর পরিমাণ কম/বেশি হলে উদ্ধৃত একক দরের ভিত্তিতে অতিরিক্ত মালামালের মূল্য পরিশোধ এবং ঘাটতি মালামালের মূল্য ফেরত প্রদান সাপেক্ষে মালামাল প্রদান করা হবে।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ/বুঝে নিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৮। সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ০৯। নিলাম দরপত্রের উল্লেখিত শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে যে কোন ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১১। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ হাদেক জামান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.....পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, কুমিল্লা।
- ১০। ডিজিএম, সদর দপ্তর (কারিগরি)/ নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ১১। এজিএম (অর্থ-হিসাব/ইএন্ডসি), কুমিল্লা পবিস-৪।
- ১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (এজিএম (আইটি-১) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- ১৩। অফিস নথি/ মাস্তার নথি।


(মোঃ হাদেক জামান)
সিনিয়র জেনারেল ম্যানেজার